

- মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের সেই বিশেষ মর্যাদার প্রতীক হিসেবে বর্তমানে ১, ২ ও ৩ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারির সকল পদবীর সেনাসদস্যগণ গৌরবের সাথে ইউনিফর্মের শার্টের কলারে লাল পাইপিং পরিধান করছে।

#### ৬। কোর অব ইঞ্জিনিয়ার্স এর ইতিহাস।

- বাংলাদেশ সেনাবাহিনীতে কোর অব ইঞ্জিনিয়ার্স এর ইতিহাস বীরত্ব গাঁথায় সমুজ্জ্বল। স্বাধীনতার পরে কতিপয় অফিসার এবং সৈনিক নিয়ে বীরশ্রেষ্ঠ শহীদ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর এর আত্মদানের গৌরবে গৌরবান্বিত কোর অব ইঞ্জিনিয়ার্সের যাত্রা শুরু হয়।

- ১৯৭১ সালের ২২ ডিসেম্বর সেনাবাহিনী কমান্ড কর্তৃক প্রদত্ত একটি সমনে স্যাপার্স কর্মকর্তারা ঢাকায় একত্রিত হন। স্বাধীন দেশে স্যাপার্সের কোন বিদ্যমান ইউনিট ছিল না, কোন সেন্টার বা রেকর্ড ছিল না।
- এ সকল প্রতিকূলতার মধ্যেই সর্বপ্রথম ১ ফিল্ড ইঞ্জিনিয়ার ব্যাটালিয়ন গঠন করা হয়। সদরঘাটের ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট কোম্পানিকে ঢেলে সাজিয়ে ‘রিভার সাপোর্ট ইউনিট’ নামে পুনঃগঠন করা হয়।